দৈনিক জনকণ্ঠ

তারিখ 15 AUG 2016
পৃষ্ঠা ২ কলাম ৬

# অবশেষে ভিসিসহ শেকৃবির তিন শূন্যপদ পূরণ

স্টাফ রিপোর্টার ॥ দীর্ঘদিন পদ শূন্য থাকার পর অবশেষে উপাচার্য, উপ-উপাচার্য ও কোষাধ্যক্ষ পেল শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয় (শেকৃবি)। উপাচার্য হিসেবে নিয়োগ পেয়েছেন প্রতিষ্ঠানটিরই এগ্রিকালচারাল বোটানী বিভাগের অধ্যাপক ড. কামাল উদ্দিন আহাম্মদ। উপ-উপাচার্য হিসেবে কৃষি সম্প্রসারণ ও ইনফরমেশন সিস্টেম বিভাগের অধ্যাপক ড. মোঃ সেকেন্দার আলী এবং পোল্ট্রি বিজ্ঞান বিভাগের অধ্যাপক ড. মোঃ আনোয়ারুল হক বেগকে ট্রেজারার হিসেবে নিয়োগ দেয়া হয়েছে। রবিবার রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের আচার্য মোঃ আবদুল হামিদ বিশ্ববিদ্যালয় আইন, ২০০১ এর ১০(১) ধারা মোতাবেক এ নিয়োগ দিয়েছেন।